


তাৰিখ ... 09 FEB 1987  
পৃষ্ঠা ... ১

## উপজেলা পরিক্ৰমা মোহনগঞ্জ

মোহনগঞ্জ (নেত্রকোণা), ৮ ফেব্ৰুয়াৰী (সংবাদদাতা)।— নেত্রকোণা জেলার ২২ কিঃ মি: পূৰ্বদিকে মোহনগঞ্জ উপজেলা অবস্থিত। এর উত্তরে সুনামগঞ্জ জেলার ধৰ্মপাশা, পূৰ্বে সিলেট জেলার জামালগঞ্জ ও তাহেরপুর, দক্ষিণে খালিয়াজুরী এবং পশ্চিমে বারহাটা ও আটপাড়া উপজেলা। ১টি পৌর এলাকা ও ৭টি ইউনিয়ন পরিষদে মোট ১২৭টি মৌজায় ১৮৭টি গ্রাম নিয়ে মোহনগঞ্জ উপজেলা গঠিত। এর আয়তন ১৫৯৯ বর্গ মাইল। মোট সোকসংখ্যা ১,০৭,৯৩৪ জন।

**যোগাযোগ**  
বিল, বিল, হাওড়ে পরিপূর্ণ এই মোহনগঞ্জ উপজেলায় বাস-ট্রাক চলাচলোপযোগী কোন রাস্তা নেই। নীচু এলাকায় বৰ্ষাকালে নৈকা-লক্ষ যাতায়াত ও পরিবহনের মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। তাছাড়া এখানে মোট ৫০ মাইল কাঁচা রাস্তা রয়েছে।

**শিক্ষা**  
মোহনগঞ্জ উপজেলায় শিক্ষিতের হার ১৯.৪%। এখানে ১টি উচ্চ বালিকা বিদ্যালয়সহ মোট ৭টি বেসরকারী উচ্চ মাধ্যমিক স্কুল ও ৩টি নিম্ন মাধ্যমিক স্কুল রয়েছে। ৪৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ মোট ৫২টি প্রাইমারী স্কুল রয়েছে। ৭টি এবতেদায়ী মাদ্রাসা, ২টি দাখিল মাদ্রাসা ও ৪টি বিশেষ মাদ্রাসা রয়েছে। উপজেলা কেন্দ্ৰে ১টি ডিগ্ৰী কলেজ আছে। এছাড়া উপজেলায় মোট ১৫টি মসজিদের অনেকগুলোতেই প্রাথমিক শিক্ষার কাজ চলছে।

মোহনগঞ্জে চিকিৎসা সেবা কেন্দ্ৰ

বড়ই দুর্ভোগ পোহাছে। উপজেলা কেন্দ্ৰের আধুনিক হাসপাতালে এখনও চিকিৎসার কাজ শুরু হয়নি। পুৱাতন সরকারী হাসপাতালে সরকারী চিকিৎসা চলছে। অস্বাস্থ্যকর স্থানের এই জীৰ্ণ পুৱাতন হাসপাতালটিতে মাত্ৰ ৩/৪ টি বেড় রয়েছে।

### কৃষি

প্ৰকৃতিৰ উপৰই অধিক নিৰ্ভৰশীল মোহনগঞ্জ উপজেলার মুক্তিকাশক্তি অধিক বলে কৃষি ফসল উৎপাদন অপেক্ষাকৃত ভাল। এখনকাৰ উৎপাদিত ফসলেৰ মধ্যে ধান, বাদাম, সৱিশা, ভাল, পাট, আলু ও তামাকই প্ৰধান। উক্ত উপজেলায় পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন ৪৩টি কৃষি সমবায় সমিতি, ৬টি বিস্তীর্ণ ও ৫টি মহিলা সমবায় সমিতি রয়েছে। এছাড়া ৭টি ইউনিয়নে বহুমুখী সমবায় সমিতি, ১০৯টি কৃষক সমবায় সমিতি, ৭টি মৎস্যজীবী সমিতি ও ১০টি মহিলা সমবায় সমিতি আছে।

উপজেলার মোট জমি ৫৭০২৮ একরেৰ মধ্যে আবাদী জমিৰ পৰিমাণ ৪৫৭৫০ একৰ। তাছাড়া এখনও আবাদযোগ্য ২৪৬৫ একৰ জমি পতিত রয়েছে। অধিকাংশ জমিই এক-ফসলী। তিনি ফসল জমি ২৮৬ একৰ মাত্ৰ।

### হাটবাজার

উপজেলাবাসীৰ আধিক অবস্থা অনেকটা ভাল হলেও হাটবাজারগুলো অভ্যন্ত নিম্নমানেৰ ও নানা সমস্যা জৰিৰিত। এখনকাৰ হাটবাজারগুলোৰ স্থানাভাৱ

সমস্যাটি প্ৰকট হ'ল।